

নং-১৬.০০.০০০০.০০৩.৪০.০০১.২১.৭৮৬


তারিখ : ২৮ জ্যৈষ্ঠ ১৪২৯
১১ জুন ২০২২

২০২২ সালে হজ কার্যক্রম পরিচালনাকারী বেসরকারি হজ এজেন্সিসমূহের ভিসা প্রিন্ট করার লক্ষ্যে পাসপোর্ট জমা প্রদান

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০২২ সালে বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীগণের ভিসা প্রক্রিয়া এজেন্সিসমূহ সঠিক পদ্ধতিতে করতে না পারার কারণে প্রতিদিনই হজ ফ্লাইট নির্ধারিত সময়ে পরিচালনায় সমস্যা হচ্ছে। সুষ্ঠু হজ ফ্লাইট পরিচালনার স্বার্থে অপারেটিং প্রতিটি হজ এজেন্সিকে তাদের হজযাত্রীগণের ভিসার আবেদন করার সাথেই হজযাত্রীদের পাসপোর্ট পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকায় জমা দিতে হবে। পাসপোর্ট জমা দেওয়ার তথ্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট জনাব আবুল কাশেম মুহাম্মদ শাহীন, উপসচিব (হজ-১)কে এবং সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব)-কে অবহিত করা হলে হজযাত্রীদের ভিসা প্রক্রিয়াকরণ সহজ হবে।

০২। এমতাবস্থায়, জনস্বার্থে ও সুষ্ঠু হজ ব্যবস্থাপনার লক্ষ্যে প্রত্যেক হজ এজেন্সিকে ভিসা প্রিন্ট করার লক্ষ্যে পাসপোর্টসমূহ গমনের জন্য নির্ধারিত তারিখের ২দিন পূর্বে সকাল ০৯.০০ টার মধ্যে হজ অফিস, আশকোনা, ঢাকায় জমা প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। হজ অফিস, ঢাকা উক্ত পাসপোর্টসমূহের ভিসা প্রিন্ট করার জন্য ঢাকাস্থ রাজকীয় সৌদি দূতাবাসে প্রেরণ করবে। এজেন্সিসমূহ পরবর্তীতে ভিসাপ্রাপ্ত পাসপোর্টসমূহ হজ অফিস, ঢাকা হতে সংগ্রহ করবে। একাজে ব্যত্যয়ের জন্য হজ এজেন্সির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


১১.০৬.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব

ফোন: +৮৮-০২-৫৫১০১১১৮

ইমেইল: morahajsection@gmail.com

স্বাক্ষরকারী/ ব্যবস্থাপনা পরিচালক/অংশীদার/ব্যবস্থাপনা অংশীদার
----- (২০২২ সালে অপারেটিং সকল হজ এজেন্সি)

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মান্যবর রাষ্ট্রদূত, রাজকীয় সৌদি দূতাবাস, গুলশান, ঢাকা
৪. চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, ঢাকা
৫. ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা
৬. পরিচালক, হজ অফিস, ঢাকা (বিজ্ঞপ্তি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৭. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৮. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯. কান্ট্রি ম্যানেজার, সৌদি এয়ারবিয়ান এয়ারলাইন্স, বাংলাদেশ, ঢাকা/জেদ্দা, সৌদি আরব
১০. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
১১. সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিজ্ঞপ্তিটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mora.gov.bd) প্রকাশের অনুরোধ করা হলো)
১২. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা, সাওদার সেন্টার (১৬ তম তলা), হোটেল ভিক্টোরী, ৩০/এ নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা (সকল হজ এজেন্সিকে অবহিতকরণ এবং বিষয়টি সমাধান করার জন্য অনুরোধ করা হলো)
১৩. জিএসএ, সৌদি এয়ারবিয়ান এয়ারলাইন্স, ঢাকা

১৪. সিইও, ফ্লাইনাস এয়ারলাইন্স, ১১৪, কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলা মটর, ঢাকা
১৫. GSA, Flynas Airlines. Dhaka (Dynasty Travels Ltd. Paramount Heights, Suite 10 C-2, Level-11, 65/2/1, Boxculvert Road, Purana Paltan, Dhaka-10000.
১৬. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা [এ বিজ্ঞপ্তিট ওয়েবসাইটে (www.hajj.gov.bd) এ প্রকাশের অনুরোধসহ]
১৭. অফিস কপি/মাস্টার ফাইল

